

|| প্রতিনিধি নির্বাচন সংক্রান্ত বিশেষ দ্রষ্টব্য ||

(১) নির্বাচনী নির্ধন্তের উল্লেখিত সূচী অনুযায়ী সমস্ত কাজকর্ম পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমুহের আইন, ২০০৬ ও পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমুহের নিয়মাবলী, ২০১১ (সংশোধনীসহ), সমিতির উপবিধি এবং সমবায় নির্বাচন কমিশন কর্তৃক প্রকাশিত বিজ্ঞপ্তি নং- ১৫/সি. ই.সি., তারিখ ১৩/০৮/২০১২ ও এই সংক্রান্ত পরিবর্তী কালে প্রকাশিত অনান্য বিজ্ঞপ্তি এবং R.B.I. এর নির্দেশাবলী-এর সংস্থান অনুযায়ী পরিচালিত হবে।

(২) মনোনয়নপত্র গ্রহনের প্রথম দিনে প্রার্থীর,

ক) বয়স অবশ্যই ১৯ বছর পূর্ণ হতে হবে।

খ) সমিতির সদস্য পদে নিরবিছিন্ন ভাবে অন্তত ১২ মাস অতিবাহিত হতে হবে।

(৩) যে কোনো সমবায় সমিতি, সরকারী বা অন্য কোনো সংবিধিবন্ধ কর্তৃপক্ষের থেকে গৃহীত খণ্ড পরিশোধে বা ধারে জিনিস কিনে খেলাপী করে অনোনয়ন -এর আগে পর্যন্ত খেলাপী থাকলে বা কোনো উপযুক্ত আদালত কর্তৃক দৃঢ়শচরিত্ব জনিত দণ্ডনীয় অপরাধে বা এই আইন মোতাবেক সংঘটিত কোনো অপরাধে কোনো আদালত কর্তৃক জরিমানা বা কারাদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হলে প্রার্থীপদে যোগ্য বলে গণ্য হবেন না।

(৪) উপরিউক্ত যোগ্যতাবলী ছাড়াও, প্রতিনিধি (Delegate) পদে নির্বাচনের জন্য পরিচালকমন্ডলীর পদে নির্বাচিত হওয়ার জন্য পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমুহের আইন, ২০০৬ ও পশ্চিমবঙ্গ সমবায় সমিতি সমুহের নিয়মাবলী, ২০১১ (সংশোধনীসহ) এবং সমিতির নিবন্ধীকৃত উপবিধিতে এবং RBI এর নির্দেশাবলীতে বর্ণিত যোগ্যতা সমূহ থাকতে হবে।

অনুরূপভাবে Disqualification বা অযোগ্যতার শর্তাবলীও প্রতিনিধি নির্বাচনের ক্ষেত্রে বলবৎ থাকবে।

(৫) কোনো নির্দিষ্ট নির্বাচনক্ষেত্রের প্রতিনিধিগণ কেবলমাত্র ঐ নির্বাচনক্ষেত্রের নির্বাচক দ্বারা নির্বাচিত হবেন।

(৬) প্রার্থীর মনোনয়নপত্রের প্রস্তাবক বা সমর্থক-কেঅবশ্যই প্রার্থীর নির্দিষ্ট নির্বাচনক্ষেত্রের হতে হবে।

(৭) একজন নির্বাচক যতজন প্রতিনিধি নির্বাচিত হবেন সর্বাধিক ততজন প্রার্থীর ক্ষেত্রে তিনি প্রস্তাবক বা সমর্থক বা উভয় মিলে হতে পারেন। একজন প্রার্থী নিজেকে বাদ দিয়ে আর যতজন প্রতিনিধি নির্বাচিত হবেন ততজন প্রার্থীর ক্ষেত্রে তিনি প্রস্তাবক বা সমর্থক বা উভয় মিলে হতে পারেন।

(৮) ভোট প্রদানে অংশ গ্রহনের প্রবেশপত্র হিসাবে ব্যাংকের জমা বা খণ্ড সংক্রান্ত পাশবই এবং পরিচয়পত্র হিসাবে ভারতীয় নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত সচিত্র পরিচয়পত্র অবশ্যই সঙ্গে আনতে হবে। প্রশাসন কর্তৃক সচিত্র পরিচয়পত্র এখনো সরবরাহ না হলে বা হারিয়ে গেলে ভারতীয় নির্বাচন কমিশনের অনুমোদিত সচিত্র ১১ টি বিকল্পের মে কোনো একটি অবশ্যই আনতে হবে।

(৯) মনোনয়নপত্র পরীক্ষার দিন প্রার্থীকে বা তাঁর ইলেক্শন এজেন্টকে উপস্থিত থাকতে হবে। ইলেক্শন এজেন্টকে অবশ্যই উক্ত প্রার্থীর নির্দিষ্ট নির্বাচনক্ষেত্রের প্রতিনিধি হওয়ার যোগ্যতা সম্পর্কে ভোটার হতে হবে।

(১০) মনোনয়নপত্র প্রত্যাহার প্রার্থীকে নিজেকে উপস্থিত হয়ে লিখিত ভাবে করতে হবে।

(১১) তপশিলী জাতি / উপজাতি পদের প্রার্থীকে এ সংক্রান্ত সরকার পদত্ব শংসাপত্র-এর প্রত্যয়িত প্রতিলিপি মনোনয়নপত্রের সাথে জমা দিতে হবে এবং মনোনয়নপত্র পরীক্ষার দিন Original সঙ্গে আনতে হবে।

(১২) প্রার্থী যে অন্য কোনো সরকারী বা অন্য কোনো সংবিধিবন্ধ প্রতিষ্ঠানের নিকট খেলাপী নন সে সম্পর্কে_মনোনয়নপত্রের সাথে স্ব-শংসাপত্র জমা দিতে হবে।

(১৩) অঙ্গ, অশক্ত ও/বা নিরক্ষর নির্বাচকরা ভোট সঙ্গী (Companion) দিয়ে ভোট দিতে পারবেন। তবে একজন ব্যক্তি কেবলমাত্র একজন নির্বাচকেরই ভোট সঙ্গী হতে পারবেন।


(১৪) 'ভোট সঙ্গী' বা Companion কে ঐ নির্বাচনক্ষেত্রের ভোটার হওয়া বাস্তুনীয়।

যেহেতু সমবায় আইন ও বিধি অনুযায়ী সমিতির সদস্যদের নিয়ে সংঘটিত বিশেষ সাধারণ সভার পরিচালকমন্ডলীর নির্বাচন সংঘটিত হয় এবং ঐ সভায় কেবল সমবায় সমিতির সদস্যরাই উপস্থিত থাকতে পারেন, আবার যেহেতু প্রতিনিধি নির্বাচন (Delegate Election) পরিচালকমন্ডলীর নির্বাচন (B.O.D Election)- এরই প্রথম ধাপ, সেহেতু 'ভোট সঙ্গী' বা Companion কে অবশ্যই ব্যাক্সের সদস্য/সদস্য হতে হবে।

(১৫) ইচ্ছুক প্রার্থীদের সুবিধার্থে এবং ভুটির সন্তান কমানোর জন্য ব্যাক্সের প্রথান শাখা থেকে ২৮/১১/২০২৪ এবং ২৯/১১/২০২৪ এই দুই দিন ফাঁকা মনোনয়নপত্র বিলি করার ব্যবস্থা রাখা হয়েছে।

তারিখ: ২২/১১/২০২৪

স্থান : বালিটিকুরী- হাওড়া



(স্মীর কুমার ভুজ্জ)

অ্যাসিস্ট্যান্ট রিটার্নিং অফিসার

বালিটিকুরী কো-অপারেটিভ ব্যাঙ্ক লিমিটেড